প্রথম আলো

নগর সংস্করণ

ঢাকা, শনিবার, ২৮ ফেব্রুয়ারি ২০০৪
১৬ ফাল্গুন ১৪১০, ৭ মহররম ১৪২৫
রেজিঃ নং ডিএ ১৮৮০, বর্ষ ৬, সংখ্যা ১১০
www.prothom-alo.com

ছুটির দিনে ১৬ পৃষ্ঠা ম্যাগাজিন সুখে দিন। দাম ৮ টাকা

ক লা ম ১

ড্রাইভারও গ্রেপ্তার!

পুলিশের গণগ্রেপ্তার থেকে রেহাই পাননি ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যক্ষ মতিউর রহমানের ড্রাইভার আমিনুল ইসলাম। হরতালের সমর্থনে মিছিল দেখতে তিনি দাঁড়িয়েছিল ময়মনসিংহ শহরে আওয়ামী লীগ অফিসের সামনে। সন্ধ্যায় আওয়ামী লীগ অফিস থেকে দলীয় নেতা-কর্মীদের গণহারে গ্রেপ্তারের সময় এ ড্রাইভারকেও পুলিশ গাড়িতে তুলে নেয়। পরে অধ্যক্ষ মতিউর রহমানের বাসভবন থেকে বারবার ড্রাইভারের পরিচয় জানিয়ে তাকে ছাড়ার অনুরোধ করলেও পুলিশ সাড়া দেয়নি বলে জানা গেছে। —*নিজস্ব প্রতিবেদক*

ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল

নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল গতকাল শুক্রবার প্রকাশিত হয়েছে। মোট ২১ হাজার ৭০৭ জন পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১৯ হাজার ৬৯ জন। উত্তীর্ণদের মধ্য থেকে মেধা অনুযায়ী বিজ্ঞান গ্রুপের জন্য ২ হাজার, মানবিক গ্রুপের জন্য ৫০০, বাণিজ্য গ্রুপের জন্য ৫০০ নিয়ে তিনটি পৃথক গ্রুপওয়ারি মেধা তালিকা প্রকাশ করা হয়েছে।

ভর্তি পরীক্ষার ফল ওয়েবসাইট

এরপর পৃষ্ঠা ২ কলাম ১
• পূর্ণাঙ্গ ফল পৃষ্ঠা-১১

উ দ্ধৃ তি

সুনামগঞ্জের বিএনপি সাংসদ নজির হোসেন, টাঙ্গুয়ার হাওর সংক্রান্ত এক লিখিত প্রতিবেদনে

'পরিবেশবাদীদের পাল্লায় পড়ে মানুষের দুর্ভোগ বেড়েছে। হাওরটি আর রক্ষা হবে কি না আল্লাহই জানেন'

ভেতরের পাতায়

- শাহজালাল বিশ্ববিদ্যালয়ে জরিপ : নিয়মিত মাদক সেবন করছেন ১১৫ ছাত্র, অনিয়মিত ৩ শতাধিক, শিক্ষকও রয়েছেন পৃষ্ঠা-৪
- হাইতির রাজধানীতে যেকোনো মুহূর্তে হামলা পৃষ্ঠা-৭
- আবু আহমেদের নিবন্ধ পৃষ্ঠা-৮
- পোলট্রি খামার পৃষ্ঠা-১১
- সেমিফাইনালেই দেখা হচ্ছে ভারত-পাকিস্তানের পৃষ্ঠা-১৪

প্রথম আলো রেডিক্যাশ

অনলাইন জরিপ

বৃহস্পতিবারের প্রথম আলো অনলাইনে পাঠকসংখ্যা ছিল ৮৭,১১০ জন

গতকালের জরিপের ফলাফল

ভোলার জনসভায় শেখ হাসিনা বলেছেন, 'সরকারের বিদায় ঘণ্টা বেজে গেছে, ওদের পতন এখন সময়ের ব্যাপার মাত্র।' আপনিও তাই মনে করেন?

হ্যাঁ	না	মন্তব্য নেই
৪৫.২০%	৫০.৩২%	৪.৪৮%

মোট ভোটদাতা ১৫৬৪ জন

*এটা শুধু ইন্টারনেট ব্যবহারকারীদের স্বেচ্ছায় প্রদত্ত মতামত, প্রচলিত অর্থে জনমত নয়

আজকের প্রশ্ন

বিরোধী দলের প্রতি ইঙ্গিত দিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, ধ্বংসাত্মক কর্মসূচির দাঁতভাঙা জবাব দেওয়া হবে। সরকারের এ ধরনের কঠোর অবস্থান গ্রহণ সঠিক বলে মনে করেন কি?

www.prothom-alo.com ওয়েবসাইটে প্রতিদিন (সন্ধ্যা ৭টার মধ্যে) আপনার মতামত দিন পরদিন ফলাফল দেখুন

অধ্যাপক হুমায়ুন আজাদকে কুপিয়ে গুরুতর জখম

নিজস্ব প্রতিবেদক

বহুমাত্রিক লেখক, কবি, ঔপন্যাসিক, গবেষক ও ভাষাবিজ্ঞানী ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. হুমায়ুন আজাদ সন্ত্রাসীদের চাপাতির আঘাতে গুরুতর আহত হয়েছেন। গতকাল শুক্রবার রাত সাড়ে ৯টায় অমর একুশে বইমেলা থেকে বেরিয়ে হেঁটে ক্যাম্পাসের বাসায় ফেরার পথে বাংলা একাডেমীর সামনের রাস্তার ফুটপাতে তিনি আক্রান্ত হন। প্রথমে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। রাত পৌনে ১১টায় তাকে আশঙ্কাজনক অবস্থায় সম্মিলিত সামরিক হাসপাতালে নেওয়া হয়।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, ড. হুমায়ুন আজাদ বইমেলা থেকে বেরিয়ে রাস্তার উল্টোদিকের সোহরাওয়ার্দী উদ্যানসংলগ্ন ফুটপাত ধরে হেঁটে বাসায় ফিরছিলেন। আণবিক শক্তি কমিশনের উল্টোদিক বরাবর অন্ধকার উদ্যান থেকে কয়েকজন সন্ত্রাসী আসে ও দুজন তার ওপর হামলা চালায়। সন্ত্রাসীরা চাপাতি দিয়ে ৫৭ বছর বয়স্ক অধ্যাপকের মাথায় কোপাতে থাকে। তার মুখের বাঁ চোয়ালে দুটি, ঘাড়ে একটি এবং মাথার পেছনে একটি আঘাত লাগে। হুমায়ুন আজাদ চিৎকার করে মাটিতে লুটিয়ে পড়লে আশপাশের লোকজন

সন্ত্রাসী হামলায় আহত হুমায়ুন আজাদ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে —প্রথম আলো

এগিয়ে আসে। তখন সন্ত্রাসীদের একজন একটি বোমা ফাটায় ও হামলাকারীরা নির্বিঘ্নে উদ্যানের ভেতরে পালিয়ে যায়। সঙ্গে সঙ্গে ঘটনাস্থলের লোকজন ও পুলিশ ড. হুমায়ুন আজাদকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যায়।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের ডাক্তাররা অপারেশন থিয়েটারে নিয়ে রক্তপাত বন্ধ করার ব্যবস্থা গ্রহণ ও ক্ষতস্থানে সেলাই দেন। এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজ, সাবেক উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, আহত অধ্যাপকের স্ত্রী, দুই কন্যা, পুত্র, ভাই, পুলিশ কমিশনার আশরাফুল হুদা এবং বহুসংখ্যক শিক্ষক, ছাত্রছাত্রী ছুটে আসেন। ১০টা ৩৪ মিনিটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যাম্বুলেন্সযোগে ড. হুমায়ুন আজাদকে সম্মিলিত সামরিক হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

সর্বশেষ গত রাত ১২টা ১০ মিনিটে খবর পাওয়া যায় যে, তার অস্ত্রোপচার চলছিল। ডাক্তাররা অবস্থা আশঙ্কাজনক বলেই জানিয়েছেন।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসকরা জানান, আহত অধ্যাপকের শরীরে প্রচুর রক্তক্ষরণ হওয়ায় তার অবস্থার অবনতি ঘটে। চোয়ালের আঘাতটি গুরুতর। অস্ত্রোপচার না হওয়া পর্যন্ত স্পষ্টভাবে কিছু বলা যাচ্ছে না।

আণবিক শক্তি কমিশনের উল্টোদিকে যেখানে হামলা হয়েছে সেখানেই ফুটপাতে কিছু বই নিয়ে এক হকার বসেন। পাশে আরেক হকার চিংড়ি মাছের মাথা ভাজা বিক্রি

এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

'যেমন বাংলাদেশ চেয়েছিলাম' বইতে বি. চৌধুরী

রাজনৈতিক দলে গণতন্ত্রহীনতা দৃশ্যমান চিত্র

প্রণব সাহা

রাজনৈতিক দলে গণতন্ত্রহীনতা এবং গণতন্ত্রের প্রতি শ্রদ্ধাবোধের অভাব একটি দৃশ্যমান চিত্র। মৃত্যু বা অসুস্থতা ছাড়া ছোট-বড় কোনো দলেরই নেতৃত্ব বদল হয় না। সন্ত্রাসীদের সাহায্য নেওয়ার জন্য রাজনৈতিক নেতৃত্বের কারো কারো নাম এখন গডফাদার হিসেবে উল্লিখিত হচ্ছে। সাবেক রাষ্ট্রপতি অধ্যাপক বি. চৌধুরী এসব মন্তব্য করেছেন তার সদ্য প্রকাশিত বইয়ে। 'যেমন বাংলাদেশ চেয়েছিলাম' নামের বইটি বাংলা একাডেমীর বইমেলায় পাওয়া যাবে।

অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী তার যেসব রাজনৈতিক-সাংবিধানিক প্রস্তাব আগে সংবাদপত্রে সাক্ষাৎকারে বলেছিলেন, সেগুলো বিস্তারিত এ গ্রন্থে প্রকাশ করেছেন।

প্রস্তাবগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে জাতীয় সংসদে রাজনৈতিক দলের ভোটপ্রাপ্তির আনুপাতিক হারে প্রতিনিধিত্ব, সংসদের মেয়াদ পাঁচ বছরের বদলে চার বছর, সরকার ও

এরপর পৃষ্ঠা ২ কলাম ১

হরতালের আগেই ধরপাকড়

ঢাকা চট্টগ্রাম ময়মনসিংহে প্রায় ২০০ গ্রেপ্তার, আজ সারা দেশে আওয়ামী লীগের সকাল-সন্ধ্যা হরতাল

নিজস্ব প্রতিবেদক

সরকার ও প্রধান বিরোধী দল আওয়ামী লীগ নিজেদের কঠোর অবস্থানে অনড় থেকেই আজ শনিবার আরো একটি হরতালে মুখোমুখি হচ্ছে। হরতালের আগে গতকাল বৃহস্পতিবার ঢাকাসহ সারা দেশে আওয়ামী লীগের মাঠপর্যায়ের নেতা-কর্মীদের ব্যাপক ধরপাকড় করা হয়েছে। গতকাল রাত ১০টা পর্যন্ত সুনির্দিষ্টভাবে ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ থেকে পাওয়া খবরে ১৯৫ জনের গ্রেপ্তারের কথা জানা যায়। এদের মধ্যে ঢাকায় ৭২, চট্টগ্রামে ৮০ ও ময়মনসিংহে ৪৩ জন। এরা সক্রিয় কর্মী ও সম্ভাব্য পিকেটার।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবদুল জলিল এক বিবৃতিতে দাবি করেছেন, পাঁচ শতাধিক গ্রেপ্তার হয়েছে।

হরতালে সহিংসতার আশঙ্কায় এবং পিকেটারদের বাধা দেওয়ার জন্য শুধু রাজধানীতেই ৫ হাজার পুলিশ ও বিডিআর মোতায়েনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা গেছে।

চারদলীয় জোট ক্ষমতাসীন হওয়ার ২৮ মাসের মধ্যে আজকেরটি ২৯তম হরতাল। আওয়ামী লীগের সর্বশেষ ১৬ ফেব্রুয়ারির হরতালের দিন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকার সায়েদাবাদে জনসভা করেছিলেন। আজ হরতালের দিনও তিনি রাজধানীর বাসাবো মাঠে বিএনপি আয়োজিত জনসভায় ভাষণ দেবেন। এ জনসভা উপলক্ষে গত কয়েকদিন মতিঝিল, সবুজবাগ ও খিলগাঁও এলাকায় ব্যাপক গণসংযোগ করছে স্থানীয় বিএনপি।

গত ১৬ ফেব্রুয়ারি যেখানে প্রধানমন্ত্রী জনসভা করেছিলেন, গতকাল শুক্রবার সেখানেই একটি পাল্টা জনসভা করেছেন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা।

গত বুধবার পটুয়াখালীতে স্বরাষ্ট্রমন্ত্রী আলতাফ হোসেন চৌধুরী আজকের হরতালের উল্লেখ করে বলেছিলেন, এদিন আওয়ামী লীগের

এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

বিশ্বসাহিত্য কেন্দ্রের বইপড়া কর্মসূচিতে পুরস্কার পাওয়া ছাত্রছাত্রীদের উল্লাস। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলার বকুলতলায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে গতকাল মহানগরীর বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীর হাতে বই তুলে দেওয়া হয় —প্রথম আলো

বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচির পুরস্কার বিতরণ

চারুকলার বকুলতলায় আলোকিত প্রাণের মেলা

নিজস্ব প্রতিবেদক

বসন্তের রৌদ্রোজ্জ্বল দিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের বকুলতলায় বসেছিল আলোকিত প্রাণের মেলা। বিশ্বসাহিত্য কেন্দ্রের উদ্যোগে ২০০৩ সালে ঢাকা মহানগরীর স্কুল পর্যায়ের ছাত্রছাত্রীদের বইপড়া কর্মসূচির পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশ নিতে গতকাল শুক্রবার সেখানে জড়ো হয়েছিল কয়েক হাজার ছাত্রছাত্রী, অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা এবং স্ব স্ব ক্ষেত্রে প্রতিষ্ঠিত কৃতী মানুষেরা।

দিনব্যাপী অনুষ্ঠান, আনন্দ উল্লাস আর কচিকণ্ঠের কলকাকলিতে মুখরিত হয়ে উঠেছিল পুরো ইনস্টিটিউট প্রাঙ্গণ। নানা রঙের নকশা আঁকা ঝলমলে মঞ্চ, মঞ্চের সামনে ও চারদিকে বেঁধে রাখা বেলুন এবং ঝুলিয়ে রাখা রঙ-বেরঙের ব্যানার-ফেস্টুনে বকুলতলা জেগে ওঠে অন্যরকম উৎসবের আমেজে। সম্পূর্ণ ব্যতিক্রমধর্মী এই অনুষ্ঠানের শেষে সন্ধ্যায় একে

এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

পাসের অতিনিম্নহার নিয়ে স্কুল-মাদ্রাসার সংখ্যা বাড়ছে

শুধু কারণ দর্শাও নোটিশ দিয়েই মন্ত্রণালয়ের দায়িত্ব শেষ!

শামীমা বিনতে রহমান

ঢাকার খুব কাছে ধামরাইয়ের আব্দুস সোবহান মডেল উচ্চবিদ্যালয়ে থেকে গত বছর এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ১০ জন ছাত্রছাত্রী। এর মধ্যে ছয়জনই ফেল করে। স্কুলের শিক্ষক অনুরূপা দেবী বলেন, 'ভালো ফলাফলের তো কোনো কারণ দেখি না, আমি হিন্দু ধর্ম বিষয়ের শিক্ষক, কিন্তু আমাকে এর পাশাপাশি নবম-দশম শ্রেণীর অর্থনীতি, ষষ্ঠ থেকে দশম শ্রেণীর শারীরিক শিক্ষা ও কৃষি বিষয়ের ক্লাস নিতে হয়।'

প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রেজাউল করিম খানের সঙ্গে সাক্ষাৎ করলে তিনি বলেন, 'পাসের হার তো ৪০ শতাংশ; আমরা তো ভালোই আছি, প্রত্যন্ত এলাকায় এমনও স্কুল আছে যেগুলো থেকে কোনো ছেলে-মেয়েই পাস করে না। আর ২০ শতাংশের কম পাস করে এমন স্কুলের সংখ্যা তো গুনেই শেষ করা যাবে না।'

অনুসন্ধানে জানা যায়, প্রতি বছরই এসএসসি পরীক্ষায় খারাপ ফলাফলকারী স্কুলের

এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

বুলাওয়ে টেস্ট এখন বৃষ্টির কৃপাপ্রার্থী

উৎপল শুভ্র
বুলাওয়ে থেকে

২৭ টেস্টের ২৬টিতেই পরাজয়, ১টিতে ড্র। ২৮ টেস্ট শেষে ড্রয়ের সংখ্যা যে এক থেকে দুইয়ে উন্নীত হচ্ছে, তা এখন বলেই ফেলা যায়। তবে বাংলাদেশের তাতে খুব

এরপর পৃষ্ঠা ২ কলাম ৭

ম্যাটাডোর গ্রীপার জেল
বাংলাদেশে এই প্রথম রাবারাইজড্ জেল পেন



- পুরো কলম জুড়ে আছে নরম রাবারের গ্রীপ
- ধরতেই আনে ভিন্ন অনুভূতি
- লিখতে গেলে স্লিপ করে না
- সূক্ষ্ম পয়েন্টে লেখা হয় মসৃণ...বিরতিহীন

MATADOR Gripper Gel 0.5

গ্রামীণফোন
আপনার জিপি মোবাইল থেকে 2777 নম্বরে CRIC লিখে SMS করুন
ফিরতি মেইল-এ পেয়ে যাবেন ক্রিকেট সম্পর্কিত সর্বশেষ তথ্য

কন্যা
জায়া
জননী
বা
গৃহিণী
সহধর্মিণী
পেশাজীবী
এর মাঝে খুঁজে নিন আপনাকে।
হয়তোবা আপনিও তাদের একজন। তবে বিবেচনার বিষয় হচ্ছে আপনার মনোবল আর দায়িত্বশীলতা। সে জন্য আমরা জানাই আপনাকে শ্রদ্ধা ও অভিনন্দন।
আসছে ...
POND'S Woman's Day
Interspeed / 2004
আন্তর্জাতিক নারী দিবসে POND'S-এর অভিনন্দন (শেষ পৃষ্ঠায় দেখুন)

বিসমিল্লাহির রাহমানির রাহিম
নিশ্চিন্ত আগামীর জন্য
বেছে নিন আপনার ঠিকানা, আমাদের সম্ভার থেকে...

মতিঝিল সংলগ্ন
গ্রীন মডেল টাউন

সীমিত সংখ্যক রেডি প্লট এককালীন মূল্যে 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে বরাদ্দ চলছে।

বিলাসবহুল এ্যাপার্টমেন্ট

জীবন যেখানে শুধুই উৎকর্ষতায় পরিপূর্ণ..., হাত বাড়ালেই যেখানে আধুনিক জীবন যাপনের সবকিছু..., সেই গুলশান, বনানী, বারিধারা, ধানমন্ডি, শান্তিনগর, সেগুনবাগিচা, ইস্কাটন, রামপুরা, মোহাম্মদপুরসহ বিভিন্ন প্রাইম লোকেশনে বেছে নিন আপনার পছন্দের ঠিকানা...

উত্তরা সংলগ্ন
আশুলিয়া মডেল টাউন



প্লট -এর রেজিস্ট্রেশন শুরু হয়েছে। যারা এখনো রেজিস্ট্রেশন ফি জমা দেননি, তাদেরকে নির্ধারিত ফি জমা দিয়ে রেজিস্ট্রেশন নেবার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আমিন মোহাম্মদ গ্রুপ
আমিন চেম্বার : ৭৬৪, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫, ফোন : ৯১২৪৫৩৮-৪২, ৯১২৭১১৯ ৯১২৭১২১, ৮১২৭৮৮০, ৮১২৭৯৩০, মতিঝিল অফিসঃ ২৯, রাজউক এভিন্যু (২য় তলা), মতিঝিল বা/এ ফোনঃ ৭১৬২০১৭-৮, সাইট অফিস (আশুলিয়া)ঃ ০১৭২১০৫৪০১, সাইট অফিস (গ্রীন)ঃ ৭২০০৯৩১ ০১৭২৫১২৯৫১(চট্টগ্রাম), ফ্যাক্স : ৯১২৭১২০, ই-মেইল : amld@bdmail.net

প্লট বুকিং কাঠা প্রতি -১০,০০০/-
এ্যাপার্টমেন্ট বুকিং -৫০,০০০/-
এছাড়া সহজ মাসিক কিস্তিতেও প্লট/এ্যাপার্টমেন্ট বরাদ্দ চলছে।

আমিন মোহাম্মদ গ্রুপ গড়ে দেয় ভাবনাহীন নতুন ঠিকানা

MEMBER REHAB